দৈনিক ইত্তেফাক

তারিখ ... 30 MAY 1991 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫

228

# ৯ জন ছাত্রনেতার বিরুদ্ধে নিজামীর মামলা দায়ের

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জামায়াতে ইসলামীর নেতা মতিউর রহমান নিজামীর উপর হামলার জন্য ৯ জন ছাত্রনেতাকে (৩য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ৯ জন ছাত্র নেতা

(১ম পৃঃ পর)

দায়ী করিয়া রমনা থানায় মামলা দায়ের করা হইয়াছে।

গত ২৭শে মে মতিউর রহমান নিজামী নিজে বাদী হইয়া এই মামলা দায়ের করেন। পুলিশ ইবনে সিনা ক্লিনিকে যাইয়া মামলা গ্রহণ করে। রমনা থানার ওসি মামলার তদন্ত করিতেছেন। মামলার ধারা ১৪৭, ১৪৮, ১৪৯, ৩০৭ ও ৩২৪। এ সকল ধারার মধ্যে হত্যা প্রচেষ্টা এবং ধারালো অস্ত্র দ্বারা আঘাতের অভিযোগ অন্তর্ভুক্ত।

যে সকল ছাত্রনেতার বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে তাঁহারা হইতেছেন: ছাত্রলীগের (আ-অ) অসীম কুমার উকিল, গোলাম মোস্তফা খুজন, কামরুজ্জামান আনসারী, আলতাফ হোসেন টোকন ও জামাল উদ্দিন। জাতীয় ছাত্রলীগের জাহাঙ্গীর সাত্তার টিংকু, কামাল হোসেন ও পঙ্কজ নাথ। ছাত্র ইউনিয়নের নাসির-উদ-দুজা। গতকাল পর্যন্ত কেহ গ্রেফতার হয় নাই, তবে পুলিশ কয়েকজন ছাত্রনেতার বাড়ীতে তল্লাশী চালাইয়াছে।